

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)  
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.১৪২.২০১৫-৬২৬

তারিখ : ১৫ মে ২০১৭

বিষয় : ব্যক্তিগত শুনানীতে উপস্থিত থাকা প্রসংগে।

সূত্র-১: স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.১৪২.২০১৬-৩৯১; তারিখ: ২৭ মার্চ ২০১৭।

সূত্র-২: জনাব মোঃ শাহীন চাকলাদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, যশোর সদর, যশোর কর্তৃক প্রেরিত কারণ দর্শানোর নোটিশের জবাব।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রদ্বয়ের পরিশ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ৩১ মে ২০১৭ তারিখ বেলা ১২.৩০ ঘটিকায় সচিব, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক তাঁর অফিস কক্ষে (ভবন নং-৭, ৭ম তলা, কক্ষ নং-৬০১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) জনাব মোঃ শাহীন চাকলাদার চেয়ারম্যান, উপজেলা পরিষদ, যশোর সদর, যশোর এর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হবে।

২। এমতাবস্থায়, উল্লিখিত তারিখ ও সময়ে ইতোপূর্বে প্রেরিত কারণ দর্শানোর নোটিশের জবাবের বিষয়ে এ সংক্রান্ত সকল কাগজপত্রসহ ব্যক্তিগত শুনানীতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০১ (এক) পাতা।

স্বাক্ষর

(ড. জুলিয়া মঈন)

উপসচিব

ফোন : ৯৫৬২২৪৭

জনাব মোঃ শাহীন চাকলাদার  
চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, যশোর সদর, যশোর।

স্মারক নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.১৪২.২০১৫-৬২৬

তারিখ : ১৫ মে ২০১৭

অনুলিপি:

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। যুগ্ম-সচিব/উপ-সচিব (নিরাপত্তা-২ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা জনাব মোঃ শাহীন চাকলাদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, যশোর সদর, যশোরকে বর্ণিত তারিখ ও সময়ে সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর (পত্রের কপি চেয়ারম্যান, উপজেলা পরিষদ, যশোর সদর, যশোর এর নিকট প্রেরণ করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

স্বাক্ষর  
(ড. জুলিয়া মঈন) ১৫ মে ২০১৭  
উপসচিব